

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 29-12-2025**

**Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) সাংগঠনিক বৈঠক সহ এক গুচ্ছ কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।
- ২) রাজ্যে এস আই আর প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আগামীকাল এরাজ্যে আসছেন।
- ৩) কলকাতার নিউটাউনে প্রস্তাবিত দুর্গাঙ্গন প্রকল্পের স্থান পরিবর্তন ঘিরে তীব্র বিতর্ক তৈরি হয়েছে। এই প্রকল্প তোষণ নীতি ও ভূমিতে ভরা বলে অভিযোগ বিজেপির।
- ৪) রাজ্যের ১০ টি রুকে ভূগর্ভস্থ জলস্তর সংকটজনক হিসাবে চিহ্নিত হওয়ায় রাজ্য সরকার জল সংরক্ষণ ও ব্যবহারের বিস্তারিত পরিকল্পনা তৈরির উদ্যোগ নিয়েছে।
- ৫) উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ শীতের প্রকোপ অব্যাহত। ঘন কুয়াশায় জনজীবন ব্যাহত।

---

সাংগঠনিক বৈঠক সহ একগুচ্ছ কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আগামীকাল এবং বুধবার রাজ্য বিজেপির পদাধিকারীদের সঙ্গে একগুচ্ছ সাংগঠনিক বৈঠক করবেন তিনি।

ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকোশল নিয়ে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। রাজ্য বিজেপি সূত্রে খবর, আজ সন্ধ্যায় কলকাতা পৌঁছে বিধাননগরে সংক্ষিপ্ত বৈঠক সেরে শ্রী শাহ রওনা দেবেন হোটেলের উদ্দেশে। মঙ্গলবার বিধাননগরে বেলা ১২টা নাগাদ একটি সাংগঠনিক বৈঠক করার কথা রয়েছে তাঁর।

---

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আগামীকাল এরাজে আসছেন। দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিসিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি শুনানি পর্ব নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গে বৈঠক করবেন। পরদিন ৩১শে ডিসেম্বর প্রতিনিধি দলটি দিল্লি ফিরে যাবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে সূত্রের খবর।

---

দলীয় কর্মীদের মিথ্যে মামলায় ফাঁসানোর অভিযোগ ও পুলিশি হয়রানির প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি আজ নন্দীগ্রামে মিছিল করে। পুরুল শীত ও ঘন কুয়াশা উপেক্ষা করে নন্দীগ্রাম বাসস্ট্যান্ডের কাছ থেকে জানকীনাথ মন্দির পর্যন্ত মিছিলে বহু মানুষ পা মেলান বিজেপির মণ্ডল সভাপতির ভাইকে বেআইনিভাবে গ্রেফতার ও পুলিশের বিরুদ্ধে তাঁর পরিবারকে হেনস্থার অভিযোগে, নন্দীগ্রাম থানা চতুরে চুকে পুলিশকে ছাঁশিয়ারি দেন বিরোধী দলনেতা। ধৃত বিজেপি কর্মীর পরিবারের সদস্যদের থানায় নিয়ে আসেন। পরে এক সভায় তিনি বলেন, গত বিধানসভা ভোটে নন্দীগ্রামের মানুষ মমতা ব্যানার্জিকে পরাজিত করার পর

থেকেই তৃণুল কংগ্রেসের সমাজ বিরোধী ও পুলিশ যৌথ ভাবে সেখানকার মানুষের উপর নির্যাতন চালাচ্ছে।

## বাইট

---

ক্লাসরুম থেকে এক বিএলও-র ঝুলন্ত দেহ উদ্বারের ঘটনায় বাঁকুড়ার রানীবাঁধের রাজাকাটা এলাকায় গতকাল তীব্র চাপ্টল্য ছড়িয়েছে। মৃত হারাধন মণ্ডল রাজাকাটা মাঝপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে কর্মরত ছিলেন। SIR এর কাজের জন্য তিনি বুথ লেভেল অফিসার (BLO) হিসেবেও দায়িত্বে ছিলেন। প্রাথমিক তদন্তে আত্মহত্যার অনুমান করা হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল সকালে ভোটার শুনানির নথিপত্র সংগ্রহের কথা বলে বাড়ি থেকে বের হন হারাধন মণ্ডল। দীর্ঘ সময় কোনো খোঁজ না মেলায় পরিবারের সদস্যরা স্কুলে যান। সেখানেই একটি ক্লাসরুমের সিলিং ফ্যানে ঝুলন্ত অবস্থায় তাঁর দেহ দেখতে পান তাঁরা। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্বার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনাস্থল থেকে একটি সুইসাইড নোট উদ্বার হয়েছে। ওই নোটে বিএলও হিসেবে দায়িত্ব পালনের অতিরিক্ত কাজের চাপের কথা উল্লেখ রয়েছে। এসআইআর সংক্রান্ত কাজের প্রচণ্ড চাপের কারণে বেশ কিছুদিন ধরে তিনি মানসিক অবসাদে ভুগছিলেন বলেও পরিবারের দাবি।

ভোটকর্মী ও BLO এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে। মধ্যের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল গতকাল বলেন, নির্বাচন কমিশন বার বার সিদ্ধান্ত পরিবর্তন করায় কর্মীদের উপর চাপ বাড়ছে। এটা বন্ধ হওয়া দরকার বলে উল্লেখ করেন তিনি।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নাম ব্যবহার করে সামাজিক মাধ্যমে ঝণ দেওয়ার নামে প্রতারণা চক্র সক্রিয় হয়ে উঠেছে বলে রাজ্য পুলিশ সাধারণ মানুষকে সতর্ক করে দিয়েছে। এক বিবৃতিতে জানানো হয়েছে, ফেসবুক ও হোয়াটসঅ্যাপের মতো সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী-র নাম ও ছবি ব্যবহার করে ভুয়ো বিজ্ঞাপন এবং ভিডিও ছড়ানো হচ্ছে। ওই সব পোস্টে সরকারি অনুমোদিত প্রকল্পের নামে সিবিল ক্ষেত্র ছাড়াই তাৎক্ষণিক ঝণ দেওয়ার দাবি করা হচ্ছে। এই বিজ্ঞাপন দেখে অনেকেই প্রতারিত হচ্ছেন।

রাজ্য পুলিশের তরফে স্পষ্ট জানানো হয়েছে, এই ধরনের কোনও ঝণ প্রকল্প রাজ্য সরকার বা মুখ্যমন্ত্রী ঘোষণা করেননি। সম্পূর্ণ ভুয়ো এবং প্রতারণামূলক এই স্কিমের সঙ্গে সরকারের কোনও যোগ নেই। সাধারণ মানুষকে অচেনা লিঙ্কে ক্লিক না করা, অপরিচিত অ্যাপ ইনস্টল না করা এবং যাচাই না করা কোনও উৎসের সঙ্গে ব্যক্তিগত বা ব্যাক্ষ সংক্রান্ত তথ্য ভাগ না করার পরামর্শ দেওয়া হয়েছে।

---

শেষ মূহর্তে নিউটাউনের প্রস্তাবিত দুর্গাঞ্জ প্রকল্পের স্থান পরিবর্তন নিয়ে রাজনৈতিক বিতর্ক দানা বেঁধেছে। প্রাথমিকভাবে নির্ধারিত জমি বদল এবং কাজ শুরুর পর হঠাত সিদ্ধান্ত পরিবর্তন ঘিরে সরকারের পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। ইকোপার্কের উল্টোদিকের জমির পরিবর্তে অ্যাকশন এরিয়া ওয়ানে নিউ টাউন বাস টার্মিনাসের উল্টোদিকের একটি জমিকে ওই প্রকল্প গড়ে তোলা হবে বলে স্থির করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সেখানে প্রস্তাবিত দুর্গাঞ্জের

শিলান্যাস করবেন। বিরোধী বিজেপি দুর্গাঙ্গণের স্থান বদল নিয়ে রাজ্য সরকারকে তীব্র কটাক্ষ করেছে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন একাংশের সংখ্যালঘু জমি মালিকদের আপত্তির জেরে একেবারে শেষমুহূর্তে নিউ টাউনের দুর্গাঙ্গন জায়গা পরিবর্তন করা হয়েছে। যুবভারতীতে লিয়োনেল মেসির অনুষ্ঠানে বিক্ষেপের সঙ্গে এই ঘটনাকে ঘৃত্য করে তীব্র কটাক্ষ শানিয়েছেন বিজেপির আই টি সেলের প্রধান অমিত মালব্য। নিজের এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করে তিনি লেখেন তাঁর তথাকথিত ‘দুর্গাঙ্গন’ প্রকল্প তোষণনীতি ও ভগ্নামিতে ভরা, যা রাজনীতিরই চেনা ছক। এই প্রকল্প বাঙালি হিন্দুদের বিশ্বাস ও ধর্মীয় অনুভূতিকে উপহাস করছে এবং ভক্তিকে ভোটব্যাক্তি পরিণত করার কৌশলবলে তিনি দাবি করেন। কী কারণে একেবারে শেষমুহূর্তের দুর্গাঙ্গনের জায়গা পরিবর্তন করা হল, তা নিয়ে হিডকোর তরফে কিছু জানানো হয়নি। তবে রাজারহাট-নিউ টাউনের বিধায়ক তাপস চট্টোপাধ্যায় দাবি করেছেন দুর্গাঙ্গনের জমি চূড়ান্ত করার আগে একাধিক বিষয় খতিয়ে দেখেছে দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিডকো। শহরের সবথেকে বড় মন্দির চতুর থাকবে দুর্গাঙ্গনে।

---

কেন্দ্রের রিপোর্টে পশ্চিমবঙ্গের ১০টি ব্লকে ভূগর্ভস্থ জলস্তর সক্ষিপ্ত জনক হিসেবে চিহ্নিত হওয়ায় রাজ্য সরকার জল সংরক্ষণ ও ব্যবহারের বিস্তারিত পরকল্পনা তৈরির উদ্যোগ নিয়েছে। এর অঙ্গ হিসেবে জেলায় জেলায় ভূগর্ভস্থ জলের অবস্থা নিয়ে সমীক্ষা করা হবে। যার প্রথম দফায় সংকটজনক জেলাগুলির অন্যতম ঝাড়গ্রাম জেলায় ভূগর্ভস্থ জল ব্যবহারের উপর সমীক্ষা চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, ভূগর্ভস্থ জল উত্তোলনের অনুমতি প্রদানের ক্ষেত্রে আরও কড়া নজরদারি ও নিয়ন্ত্রণ আনতেই এই উদ্যোগ।

রাজ্য সরকারের সারফেস ওয়াটার ইনভেস্টিগেশন ডিভিশন ইতিমধ্যেই একটি সংস্থাকে নিয়োগের প্রক্রিয়া শুরু করেছে, যারা ঝাড়গ্রামে ভূগর্ভস্থ জল সংক্রান্ত সমীক্ষা ও তদন্তের কাজ করবে। এই সমীক্ষার আওতায় সেচ, শিল্প, বাণিজ্যিক ব্যবহার, গৃহস্থালি, পরিকাঠামো নির্মাণ ও খনন—সব ক্ষেত্রেই কতটা ভূগর্ভস্থ জল তোলা হচ্ছে, তার বিস্তারিত হিসাব নেওয়া হবে। পাশাপাশি ঝাড়গ্রামের বিভিন্ন নির্দিষ্ট এলাকায় নিয়মিত ভূগর্ভস্থ জলের স্তর পর্যবেক্ষণ এবং জলের নমুনা সংগ্রহ করে গুণগত পরীক্ষা করা হবে। আগামী দিনে কলকাতা সহ অন্যান্য জেলাতেও একই ধরনের সমীক্ষা করা হবে।

---

বাজারে ডিমের দাম হঠাতে বেড়ে যাওয়ায় সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। উৎসবের মরসুমে বেকারি শিল্পের বাড়তি চাহিদা, শীতকালে ডিমের চাহিদা বৃদ্ধি এবং উৎপাদন খরচ বেড়ে যাওয়াই এই দাম বৃদ্ধির প্রধান কারণ বলে মনে করা হচ্ছে। এই পরিস্থিতিতে সাধারণ মানুষকে কিছুটা স্বত্ত্ব দিতে রাজ্য সরকারের প্রাণিসম্পদ উন্নয়ন দফতরের অধীন ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড সারা রাজ্য ৮০০-র বেশি হরিণঘাটা স্টলের মাধ্যমে ন্যায্য দামে ডিম বিক্রি শুরু করেছে। খোলাবাজারের থেকে ডিম প্রতি অন্তত একটাকা কম দামে বিক্রি করার নির্দেশ দেওয়া হয়েছে।

রাজ্য প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ডিমের জোগান বজায় রাখতে ড্রিউবিএলডিসিএল-এর অধীনে থাকা সাতটি পরিবেশ-নিয়ন্ত্রিত ও শীতাতপ নিয়ন্ত্রিত পোলট্রি লেয়ার ফার্মে উৎপাদন বাড়ানো হয়েছে। বছরে প্রায় ৪৫ কোটি ডিম উৎপাদন

হয় এই সংস্থার মাধ্যমে। এ ছাড়াও রাজ্যের প্রতিটি জেলায় সরকারি উদ্যোগে চালু থাকা প্রচলিত পোলিট্রি ফার্মগুলিও ডিম সরবরাহের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে।

---

সরকারি কর্মীকে ভূমিকি দেওয়ার অপরাধে বহিস্থিত ত্রুটি কংগ্রেস বিধায়ক ও জনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবীর ও তার ছেলের বিরুদ্ধে জামিন অযোগ্য সহ ছাঁটি বিভিন্ন ধারায় মামলা রুজু করে ঘটনার পূর্ণাঙ্গ তদন্তে নেমেছে মুর্শিদাবাদের শক্তিপূর থানার পুলিশ। প্রসঙ্গত, গতকাল শক্তিপূর থানায় হুমায়ুনের মহিলা নিরাপত্তা রক্ষী হুমায়ুনের ছেলে গোলাম নবী আজাদ ওরফে রবীন ও হুমায়ুনের বিরুদ্ধে তাকে মারধর ও হেনস্থার অভিযোগ করেন। পরে পুলিশ হুমায়ুন কবীরের ছেলেকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় আটক করে প্রায় ৭ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করলেও বিকেলে তাকে ছাড়া হয়। পুলিশ জানিয়েছে আইন মেনেই দুজন কে নোটিশ পাঠানো হবে। এর আগে এই ঘটনায় হুমায়ুন কবির দাবি করেন ওই মহিলা নিরাপত্তা রক্ষী তার ঘরের ভেতর তুকে তার সঙ্গে দুর্ব্যবহার করছিল এবং মারতে গিয়েছিল যা দেখতে পেয়েই তার ছেলে তা প্রতিহত করে।

---

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এবছর জাতীয় নিরাপত্তার প্রশ্নে ভারত বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। যে কোন মূল্যে দেশ তার সার্বভৌমত্ব রক্ষা করতে প্রস্তুত, বছরের শুরু থেকেই এই বার্তা দিয়েছে ভারত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

---

সকাল থেকে প্রবল ঠান্ডা ও ঘন কুয়াশায় বিভিন্ন জেলায় স্বাভাবিক জনজীবন ব্যহত হয়েছে। কিছুটা ব্যহত হয়ে ট্রেন ও বিমান চলাচল। দুপুর পর্যন্ত কলকাতা ও তার আশপাশের এলাকায় কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে বিকেলের দিকে কিছুটা পরিষ্কার হতে পারে। আগামী কয়েকদিন প্রায় সব জেলাতেই কুয়াশার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

---